দৈনিক সংবাদ

তারিখ 24 APR 1891

পৃষ্ঠা ... কলাম ...

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রতিবাদ মিছিল

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ গতকাল মঙ্গলবার সকাল ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত ক্লাস না নিয়ে এ সময় মৌন প্রতিবাদ মিছিল বের করেন।

সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যানসহ কয়েকজন শিক্ষককে অপদস্থ করা এবং বিভাগীয় শিক্ষক ডঃ আরেফিন সিদ্দিককে প্রাণনাশের হুমকি

ঢাকা বিশ্ববিদ্যালয় : পৃঃ ৮ কঃ

## ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিবাদ মিছিল

(১ম পাতার পর)

দেয়ার প্রতিবাদে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ডাকে গতকাল ওই কর্মসূচী পালিত হয়।

শিক্ষক সমিতি এবং বিভাগীয় ছাত্রছাত্রীরা বলেছে, সাংবাদিকতা বিভাগে একজন ছাত্রকে অবৈধভাবে ভর্তির দাবী জানানোর এক পর্যায়ে পুষ্টিবিজ্ঞান ইনস্টিটিউটের ছাত্র জাকির হোসেন জামাল গত ১১ই এপ্রিল তার সহযোগীদের নিয়ে ওই ঘটনা ঘটনায়। জামাল জাতীয়তাবাদী ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম আহ্বায়ক।

শিক্ষকদের মৌন প্রতিবাদ মিছিলটি অপরাজেয় বাংলার সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাস ঘুরে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়। এরপর সেখানে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী ও সাধারণ সম্পাদক ডঃ শাহাদত আলী বক্তব্য রাখেন। সভাপতি তার বক্তৃতায় ডঃ সিদ্দিককে প্রাণনাশের হুমকিসহ ক্যাম্পাসে সংঘটিত সকল সন্ত্রাসী ঘটনার বিচার দাবী করেন। সাধারণ সম্পাদক বলেন, ক্যাম্পাসে বার বার সন্ত্রাস সৃষ্টি করা হলেও তার কোন বিচার হয়নি, আমরা আর সন্ত্রাসের সাথে বসবাস করতে রাজি নই, আমাদের পিঠ দেয়ালে ঠেকে গেছে। তিনি ১৫ দিনের মধ্যে অপরাধীদের বিচার দাবী করে বলেন, নয়তো শিক্ষকরা আন্দোলনে নামবেন।

সাংবাদিকতা বিভাগের ছাত্রছাত্রী ও কর্মচারীরাও শিক্ষকদের মিছিল ও সমাবেশে যোগ দেয়।